



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর

চলাচল পরিকল্পনা, সড়ক এবং রেল শাখা

খাদ্য ভবন, ১৬ আবুল গণি রোড, ঢাকা-১০০০

[www.dgfood.gov.bd](http://www.dgfood.gov.bd)

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০০৮.১৭.১৭৬(৪)

তারিখ: ২৭ চৈত্র ১৪২৫

১০ এপ্রিল ২০১৯

বিষয়: সড়ক পথে ২০০০ মেট্রিক টন গমের চলাচল সূচি।

সূত্র: ১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা এর ২৬/০৩/২০১৯ খ্রি. তারিখের

১৩.০১.০০০০.০০০.৩২.০০১.১৮-১৫৩ নং স্মারক এবং ০৮/০৮/২০১৯ খ্রি. তারিখের

১৩.০১.০০০০.০০০.৩২.০০১.১৮-১৭৯ নং স্মারক।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ঢাকা বিভাগের সেনা, ইপি, ওপি, আশ্রয়ন, ময়দাকল, ওএমএসসহ বিভিন্ন খাতে বিলি বিতরণের লক্ষ্যে এলএসডি/সিএসডি'তে গমের চাহিদা সূত্রস্থ স্মারকে প্রেরণ করা হয়েছে। তৎপ্রেক্ষিতে ঢাকা বিভাগের এলএসডি/সিএসডি'র সেনা, ইপি, ওপি, আশ্রয়ন, ময়দাকল, ওএমএসসহ বিভিন্ন খাতে বিলি-বিতরণ নিমিত্তে সাশ্রয়ী রুট, বর্তমান মজুত ও চাহিদা বিবেচনা করে নিম্নোক্তভাবে সড়ক পথে মোট ২০০০ মেট্রিক টন গমের চলাচল সূচি নির্দেশক্রমে জারি করা হলো।

#### সড়ক পথে গমের চলাচল সূচি:

| ক্র.নং | প্রেরণ কেন্দ্র    | প্রাপক জেলা | প্রাপক কেন্দ্র | পরিমাণ (মেট্রিক টন) | পথ   | মাধ্যম | মন্তব্য |                                 |
|--------|-------------------|-------------|----------------|---------------------|------|--------|---------|---------------------------------|
| ১.     | নারায়ণগঞ্জ সাইলো | ঢাকা        | সাতার          | এলএসডি              | ১০০০ | গম     | সড়ক    | আখানি, ঢাকা উপ-সূচি জারি করবেন। |
| ২.     | ঐ                 | শেরপুর      | শেরপুর         | "                   | ২০০  | ঐ      | ঐ       | ঐ                               |
| ৩.     | খুলনা সিএসডি      | গোপালগঞ্জ   | গোপালগঞ্জ      | "                   | ৩০০  | ঐ      | ঐ       | চসনি, খুলনা উপ-সূচি জারি করবেন। |
| ৪.     | ঐ                 | শরীয়তপুর   | নড়িয়া        | "                   | ৫০০  | ঐ      | ঐ       | ঐ                               |
|        |                   |             |                | মোট =               | ২০০০ |        |         |                                 |

#### পরিবহণের ক্ষেত্রে পালনীয় নির্দেশনাবলি:

- ১। সাইলো অধীক্ষক, নারায়ণগঞ্জ সাইলো এবং ব্যবস্থাপক, খুলনা সিএসডি প্রেরক হিসাবে কার্য সম্পাদন করবেন এবং ওয়ারেন্টি অনুযায়ী গম পরিবহণ করবেন;
- ২। আখানি/চসনি/জেখানি প্রযোজ্য ক্ষেত্রে সূচির এলএসডি/সিএসডি'র ক্রমানুযায়ী উপ-সূচি জারি করবেন এবং অত্র দণ্ডের উক্ত উপ-সূচির কপি/অনুলিপি প্রেরণ করবেন;
- ৩। প্রেরক ও প্রাপক কেন্দ্রের সংশ্লিষ্ট সাইলো অধীক্ষক/জেলা খাদ্য নিয়ন্ত্রক/ব্যবস্থাপক/উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (প্রযোজ্য ক্ষেত্রে) গম পরিবহণ, বোরাই ও খালাস কার্যক্রম তদারকি করবেন। কোথাও অনিয়ম/সমস্যা উদ্ভব হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করবেন এবং ত্বরিত নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষসহ খাদ্য অধিদপ্তরকে অবহিত করবেন;
- ৪। কীট আক্রান্ত কোন খাদ্যশস্য প্রেরণ করা যাবে না;

- ৫। খাদ্যশস্য প্রেরণ ও প্রাপ্তি বিষয়ে প্রেরণ কেন্দ্রের নিয়ন্ত্রণকারী কর্মকর্তা ভি-ইনভয়েস মনিটরিং করবেন। প্রাপ্তি ইনভয়েস যথাসময়ে ফেরত পাঠাতে হবে এবং এ বিষয়ে আখানি, জেখানি, সাইলো অধীক্ষক, চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণ সজাগ দৃষ্টি রাখবেন। উল্লেখ্য যে, সূচির আওতায় প্রেরিত খাদ্যশস্য প্রাপক কেন্দ্র কর্তৃক প্রাপ্ত হলে ইনভয়েস ফেরত বিলম্বিত হওয়ার কারণেই পরিবাহিত খাদ্যশস্য পথখাতে প্রদর্শন করা যাবে না;
- ৬। ভি-ইনভয়েসে গমের গুণগতমান ও ধরন সম্পর্কে সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে;
- ৭। সূচির মেয়াদ শেষ হওয়ার পরই প্রেরক কেন্দ্র থেকে ঠিকাদারভিত্তিক প্রেরণ বিবরণী প্রস্তুতপূর্বক ফ্যাক্স/ই-মেইল যোগে অধিদপ্তরে চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগে প্রেরণ করতে হবে;
- ৮। প্রেরিত নমুনা অনুযায়ী প্রাপকগণ খাদ্যশস্য বুঝো নিবেন এবং সূচি ঠিকাদারভিত্তিক প্রাপ্তি বিবরণী (জেলা খাদ্য নিয়ন্ত্রক প্রতিস্বাক্ষরিত) ফ্যাক্সযোগে অধিদপ্তরে প্রেরণ করবেন;
- ৯। এ সূচি আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ অফিসিয়াল ফেসবুক পেজ/ওয়েবসাইটে আপলোড করার পাশাপাশি সংশ্লিষ্ট অধীনস্থ জেলা খাদ্য নিয়ন্ত্রক ও ব্যবস্থাপক/এসএন্ডএমও/ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে অনুলিপি দিয়ে অবহিত করবেন;
- ১০। সূচির মেয়াদ আগামী ১৭/০৮/২০১৯ খ্রিঃ তারিখ পর্যন্ত বলবৎ থাকবে;
- ১১। সূচির নির্ধারিত মেয়াদের মধ্যে ঠিকাদার খাদ্যশস্য পরিবহণে ব্যর্থ হলে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণসহ জরুরি বিবেচনায় পরবর্তীতে নতুন সূচি কিংবা সরকারি স্বার্থে আগ্রহী ঠিকাদারদের অনুকূলে উপ-সূচি জারি করা হবে।

এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।

১০-৮-২০১৯

মোঃ সেলিমুল আজম  
উপ-পরিচালক

বিতরণ :

- ১) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা বিভাগ
- ২) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, খুলনা বিভাগ
- ৩) সাইলো অধীক্ষক, নারায়ণগঞ্জ সাইলো
- ৪) চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক(খাদ্য), খুলনা।

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০০৮.১৭.১৭৬(৪)/১(৮)

তারিখ: ২৭ চৈত্র ১৪২৫  
১০ এপ্রিল ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ২) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ৩) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৪) পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৫) পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৬) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর। (খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
- ৭) জেলা খাদ্য নিয়ন্ত্রক, .....
- ৮) ভারপ্রাপ্ত কর্মকর্তা, ..... এলএসডি।

১০-৮-২০১৯

মোঃ সেলিমুল আজম  
উপ-পরিচালক